গাংনীতে এমপি সাহিদুজ্জামানকে গণ সংবর্ধণা

মেহেরপুরের গাংনী -২ আসনের এমপি ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকনকে গণ সংবর্ধণা দিয়েছে গাংনী উপজেলা আওয়ামী লীগ।
এশিয়ান পার্লামেন্ট গ্রান্ট এসাম্বেলি অব তুরস্ক’ এ বক্তব্য শেষে বাংলাদেশে প্রত্যাবর্তন উপলক্ষ্যে এমপি সাদিুজ্জামান খোকনকে বৃহস্পতিবার বিকেলে এ সংবর্ধণা দেওয়া হয়।
গাংনী বাজার শহীদ রেজাউল চত্বরের গণসংবর্ধণায় তিনি বিশ্বের মুসলমানদের নিপিড়নের বিরুদ্ধে তুরস্কের পার্লামেন্টে বক্তব্য দেন। তিনি বলেন শুধু বিশ্বের মুসলমানদের নির্যাতনের বিরুদ্ধেই নয় আমি আমাদের বাংলাদেশের রহিঙ্গা ইস্যু নিয়েও সেখানে কথা বলেছি। উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে এমপি সাহিদুজ্জামান খোকন তার বক্তব্যে আরও বলেন আগামী উপজেলা কাউন্সিলকে কেউ যাতে বানচাল না করতে পারে সেদিকে খেয়াল রাখতে হবে।
তিনি উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেককে উদ্দেশ্যে করে বলেন, আপনি আওয়ামী লীগ করেন অথচ যারা গত সংসদ নির্বাচনে বিএনপি নেতা মিল্টনের কাছ থেকে টাকা খেয়ে নৌকার বিরুদ্ধে ভোট করেছে আপনি তাদের সাথে হাত মিলিয়েছেন। তিনি আরো বলেন আপনি শেখ হাসিনার লোক শেখ হাসিনাও আপনাকে ভালবাসে। সে ভালবাসা বেশি দিন টিকেনা ভালবাসা কখনো টক হয়ে যায়। আপনি তাদের কাছ থেকে সরে আসেন। মকবুল হোসেনকে (সাবেক এমপি) কি চোখে নেত্রী দেখে আপনি আব্দুল খালেক কি জানেন না? এমপি সাহিদুজ্জামান বলেন শেখ হাসিনা কোনদিন মকবুল হোসেনকে গ্রহন করেনি কোনদিন গ্রহন করবেনা করবেনা করবেনা। তাহলে কি গাংনীর আওয়ামী লীগ নষ্ট হয়ে যাবে?
তিনি কাউন্সিল প্রসঙ্গে বলেন, আমরা নতুন করে কাউন্সিল করতে চাই। তারা এক সপ্তাহ ধরে কাউন্সিল বন্ধ করার জন্য ঢাকায় নেতাদের বাড়ি বাড়ি গেছে।
তিনি ব্যানার টাঙ্গানো প্রসঙ্গে বলেন যদি কোন বান্দর এ ধরণের ব্যানার টাঙ্গায় আপানাদের কাছে আমার অনুরোধ রইল আপনাদের যার যা আছে তাই নিয়ে গ্রাম থেকে শহর পর্যন্ত তাদের মোকাবেলা করবেন। আমি আর ছাড় দিয়ে রাজনীতি করতে চাইনা।

এমপি সাহিদুজ্জামান খোকন নেতাদের কাউন্সিলে আগাম দাওয়াত দিয়ে বলেন, ”আপনারা কাউন্সিলে আসাবেন হাতে ছোট ছোট লাঠি আনবেন লাঠি। যদি কেউ আওয়ামী লীগ বিরোধী কথা বলে যদি কেউ অন্যায় দাবি করে তার জন্য উচিৎ জবাব দেওয়াতে হবে তার দাঁত ভাঙ্গা জবাব দিয়ে চিরতরে আওয়ামী লীগ থেকে এই হাইব্রিড আওয়ামী লীগ বিদায় করতে হবে।” তিনি সাবেক এমপি মকবুল হোসেনকে উদ্দেশ্যে করে বলেন,“ হাইব্রিড কিডাগো কালকে আইলি ৯০ সালে দলে আর তুমি অন্যকে বল হাইব্রিড সাথে আছে তোমার ডান হাতে বসা রাজাকারের ছেলে বাম হাতে বসা তোমার রাজাকারের ছেলে আর তুমি আমার বিরুদ্ধে কথা বল, লজ্জা করেনা শয়তানের দল।”
তিনি হুশিয়ার করে বলেন আর কোনদিন ছেড়ে দেওয়া হবেনা।
গণ সংবর্ধনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মখলেচুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা পঁচু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা সহ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা কর্মী।
এ সময় উপজেলার সকল স্তরের নেতা কর্মী, মুক্তিযোদ্ধা ও স্থানীয় জনগণ উপস্থিৎ ছিলেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে বিভিন্ন ইট ভাটায় পরিবেশ অধিদপ্তরের অভিযান

গাংনাতে বিভিন্ন ইট ভাটায় পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে অভিযান পরিচালনা করা হয়েছে।
অবৈধ ভাবে ইট তৈরি করার জন্য মহিষাখোলা গ্◌্রামের ইস্টার ব্রিক্স ও থানাপাড়ার আস্থা ব্রিক্স নামের দুইটি ভাটা বন্ধ করে দিয়েছে। এবং পরবর্তীতে যেন ভাটা চালু করা না হয় সে জন্য সতর্ক

করা হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় উপ সচিব সাইফুর রহমান খানের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা উপ পরিচালক আতাউর রহমান, গাংনী থানা পুলিশের একটি দল।

– গাংনী প্রতিনিধি

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুর গাংনী উপজেলার গাংনীতে পানিতে ডুবে সায়েম নামের এক শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার দুপুরে বানিয়াপুকুর গ্রামে এ ঘটনা ঘটে। সায়েম বানিয়াপুকুর গ্রামের বাবলু’ ছেলে।

নিহতের পরিবার থেকে জানা যায়, বাড়ির সীমানা প্রাচীরের উপর খেলা করছিল সায়েম। এ সময় প্রাচীর ভেঙে পাশের পুকুরে পড়ে যায়। এতে ইটের আঘাতে পানির নিচে থেকে উঠতে সে ব্যার্থ হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে পূর্ব শত্রুতার জের ধরে হামলা ৩ মহিলা আহত

মেহেরপুরের গাংনী উপজেলার কোদালকাটি গ্রামে জমি। সংক্রান্ত পূর্ব শত্রুতার জের ধরে তিনজন নারীর উপর হামলা করেছে প্রতিপক্ষরা।

এতে তিনজন নারী আহত হয়েছে বলে জানা গেছে।

আহতরা হলো কোদালগাটি গ্রামের পশ্চিম পাড়ার মৃত সমর আলির স্ত্রী বুলবুলি খাতুন (৫০), রবিউল ইসলামের স্ত্রী শিল্পি আরা (৩৫) ও মো: জনিরুল ইসলামের স্ত্রী শাহানাজ খাতুন (২৫)
মঙ্গলবার বেলা ৩টার দিকে এ হামলার ঘটনা ঘটে বলে জানান হামলার শিকার আহত তাদের স্বজনরা।

আহত শাহানাজের স্বামী জনিরুল বলেন, রাস্তার সাথে আমার ১০ শতক জমির বিনিময়ে ২৫ শতক জমি আমাকে দেয় ঐ গ্রামের আব্দুল জলিলের ছেলে জামিরুল মাষ্টার ও বিশারতের ছেলে সালাম।

বিনিময় করার পর ১৩ বছর বসবাস করার পর হঠাৎ করে তারা সে জমি ছেড়ে দিতে বললে তা ছেড়ে দিয়ে আমার নিজেস্ব ১০ শতক জমির মধ্যে ৫শতক জমির উপর বাড়ি করে দুমাস ধরে বসবাস শুরু করি।

হঠাৎ ঘটনার দিন মঙ্গলবার বেলা ৩টার দিকে রড লাঠিসোঠা নিয়ে জামিরুল মাষ্টার সহ তার দলবল নিয়ে আমাদের বাড়ির লোকজনের উপর অতর্কিত হামলা করে।

হামলায় বাড়ির তিনজন মহিলা মারত্মক আহত হয় বলে জানান জনিরুল ইসলাম।

দেড় মাস আগে এবিষয়ে গাংনী থানায় একটি অভিযোগ করা হয় বলে জানান ভুক্তোভোগি জনিরুল ইসলাম।

গত মঙ্গলবারের হামলার বিষয়ে গাংনী থানায় অভিযোগ করার প্রক্রিয়া চলছে বলে জানান জনিরুল ইসলাম।

নিজস্ব প্রতিনিধি

তুরস্ক সফর শেষে ঢাকা

পৌঁছেছেন এমপি সাহিদুজ্জামান খোকন

চারদিনের সফর শেষে তুরস্ক থেকে বাংলাদেশে ফিরেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

বুধবার সকাল ৮টার সময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছান।
এদিকে এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনা দিতে গাংনীতে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে।

এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনার প্রস্তুতি নিতে শহরের প্রধান সড়কের উপর অনেক তোরণ নির্মাণ করা হয়েছে।

স্থানীয় নেতা কর্মীরা জানান, এমপিকে গণ সংবর্ধনা দিতে আমনা ব্যাপক প্রস্তুতি নিয়েছি। নেতা তাঁর সফরের বিষয়ে আমাদের অবহিত করবেন। এলাকাবাসি এমপি সাহিদুজ্জামান খোকনের কথা শোনান জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলে জানিয়েছেন স্থানীয় নেতারা।

নিজস্ব প্রতিনিধি

গাংনীর জোড়পুকুরিয়া বাজারে ৩টি দোকানে দুর্ধর্ষ চুরি

মেহেরপুর গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে দোকানের সার্টারভেঙ্গে ৩টি মুদিখানা, একটি সারের দোকান ও ফিড মিল থেকে থেকে নগদ টাকাসহ ৪ লক্ষাধিক টাকার মালামাল চুরি হয়েছে।

মঙ্গলবার রাতের কোন এক সময় মেহেপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে এ চুরির ঘটনা ঘটে। বাজারে নৈশ প্রহরা থাকা অবস্থায় দুর্ধর্ষ চুরি নিয়ে জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে।

ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানা গেছে, জোড়পুকুরিয়া বাজারের চা ও মুদি দোকান ফারুক ষ্টোর ও জাইমা ষ্টোর, সার ডিলার আব্দুল সালাম ট্রেডার্স শার্টার ভেঙ্গে চোরেরা ভেতরে প্রবেশ করে। নগদ টাকা, কসমেটিক্স, সিগারেট ও দামী মালামাল লুটে নিয়ে পালিয়ে যায়। চারটি দোকান থেকে নগদ টাকাসহ আনুমানিক চার লক্ষাধিক টাকার মালামাল লুটে নেওয়া হয়েছে বলে প্রাথমিকভাবে জানাচ্ছেন ভুক্তভোগীরা।

এদিকে বাজারে দুই জন নৈশপ্রহীরা রাতে পাহারা করেন। তারা ঘটনার সময় কোথায় ছিলেন তা কেউ বুঝতে পারছেন না। ভোরে ডিউটি শেষ করে তারা বাড়ি ফিরে যায়। আজ ভোরের দিকে চায়ের দোকানী কয়েকজন বাজারে চুরির বিষয়টি টের পান।

সাহারবাটি ইউনিয়ন ১নং ওয়ার্ডের মেম্বার সাহাবুদ্দিন সাবুদ জানান, প্রতিরাতের ন্যায় নাইটগার্ড তার ডিউটি পালন করে আসছে, এছাড়াও গাংনী থানার পুলিশ প্রতিরাতে বাজারের টহল রাস্তায় টহল দিয়ে আসছে। বিষয় নিয়ে বাজার কমিটি কে নিয়ে একটি শালিশী বৈঠকের ব্যবস্থা করা হয়েছে।

মুদি দোকানী হাসমত আলী জানান, প্রতি রাতেই দোকানে টাকা রাখা হয়। দোকান বন্ধ করে গ্রামের বাড়ি যাই রাতে। তাই টাকা বহন করা ঝুঁকি জেনেই দোকানে টাকা রাখি। ৯০-৯৫ হাজার নগদ টাকা, ৮-১০ হাজার টাকা মূল্যের সিগারেট ও অন্যান্য মালামাল চুরি করে নিয়ে গেছে।

চাউল ব্যবসায়ী আব্দুস সালাম জানান, প্রতিদিনের ন্যয় রাত আটটার দিকে দোকান বন্ধ করে বাসায় চলে যায়, টাকা বহনের ঝুকি জেনে রাতের নগদ ৩০ হাজার টাকা দোকানে রেখে যাই। নগদ ৫০ হাজার টাকাসহ ১০ বস্তা চাউল ও অন্যান্য জিনিসপত্র চুরি হয়েছে।

চা ও ভ্যারাইটি বিক্রেতা ফারুক আহমেদ জানান, আমার দোকানে ২০ হাজার টাকাসহ ও সিগারেট ও প্রসাধনী সামগ্রী চুরি হয়েছে।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, ঘটনা শুনে সেখানে পুলিশের একটি টিম পাঠানো হয়েছে। ঘটনার বিস্তারিত জেনে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।
-গাংনী অফিস

তুরস্ক সফর শেষে ঢাকা পৌছেছেন এমপি সাহিদুজ্জামান খোকন

চারদিনের সফর শেষে তুরস্ক থেকে বাংলাদেশে ফিরেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন। বুধবার সকাল ৮টার সময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পৌছান।

এদিকে এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনা দিতে গাংনীতে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে।

এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনার প্রস্তুতি নিতে শহরের প্রধান সড়কের উপর অনেক তোরণ নির্মাণ করা হয়েছে।

স্থানীয় নেতা কর্মীরা জানান, এমপিকে গণ সংবর্ধনা দিতে আমনা ব্যাপক প্রস্তুতি নিয়েছি। নেতা তাঁর সফরের বিষয়ে আমাদের অবহিত করবেন। এলাকাবাসি এমপি।সাহিদুজ্জামান খোকনের কথা শোনান জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলে জানিয়েছেন স্থানীয় নেতারা। -গাংনী অফিস

গাংনীতে তিন মহিলার উপর হামলা

মেহেরপুরের গাংনী উপজেলার কোদালকাটি গ্রামে জমি।সংক্রান্ত পূর্ব শত্রুতার জের ধরে তিনজন নারীর উপর হামলা করেছে প্রতিপক্ষরা। এতে তিনজন নারী আহত হয়েছে বলে জানা গেছে।

আহতরা হলো কোদালগাটি গ্রামের পশ্চিম পাড়ার মৃত সমর আলির স্ত্রী বুলবুলি খাতুন (৫০), রবিউল ইসলামের স্ত্রী শিল্পি আরা (৩৫) ও মো: জনিরুল ইসলামের স্ত্রী শাহানাজ খাতুন (২৫) মঙ্গলবার বেলা ৩টার দিকে এ হামলার ঘটনা ঘটে বলে জানান হামলার শিকার আহত তাদের

স্বজনরা।

আহত শাহানাজের স্বামী জনিরুল বলেন, রাস্তার সাথে আমার ১০ শতক জমির বিনিময়ে ২৫ শতক জমি আমাকে দেয় ঐ গ্রামের আ: জলিলের ছেলে জামিরুল মাষ্টার ও বিশারতের ছেলে সালাম।

বিনিময় করার পর ১৩ বছর বসবাস করার পর হঠাৎ করে তারা সে জমি ছেড়ে দিতে বললে তা ছেড়ে দিয়ে আমার নিজেস্ব ১০ শতক জমির মধ্যে ৫শতক জমির উপর বাড়ি করে দুমাস ধরে বসবাস শুরু করি।

হঠাৎ ঘটনার দিন মঙ্গলবার বেলা ৩টার দিকে রড লাঠিসোঠা নিয়ে জামিরুল মাষ্টার সহ তার দলবল নিয়ে আমাদের বাড়ির লোকজনের উপর অতর্কিত হামলা করে। হামলায় বাড়ির তিনজন মহিলা মারত্মক আহত হয় বলে জানান জনিরুল ইসলাম। দেড় মাস আগে এবিষয়ে গাংনী থানায় একটি অভিযোগ করা হয় বলে জানান ভুক্তোভোগি জনিরুল ইসলাম।

গতকালকের হামলার বিষয়ে গাংনী থানায় অভিযোগ করার প্রক্রিয়া চলছে বলে জানান জনিরুল ইসলাম।

- গাংনী অফিস

গাংনীর বামন্দীতে তুলা চাষী প্রশিক্ষণ

তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব খাতের অর্থায়নে মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে সাধারণ তুলাচাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে তুলা উন্নয়ন বোর্ডের বামন্দী ইউনিট অফিসের হল রুমে চাষীদের মাঝে তুলা চাষের আধুনিক কলা কৌশল সর্ম্পকে বিশদ আলোচনা করেন কুষ্টিয়া জোনের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সেন দেবাশীষ।

এছাড়াও বীজ বপন থেকে শুরু করে তুলা সংগ্রহ পর্যন্ত কিভাবে তুলা ক্ষেতের পরিচর্যা করতে হবে সে বিষয়ে চাষিদের দিক নির্দেশনা

প্রদান করেন। তিনি চাষীদের আরো বলেন দেশে মাত্র তিনভাগ তুলার উৎপাদন হয়।

বাকি ৯৭ ভাগ তুলা বিদেশ থেকে আমদানী করতে হয় যার ফলে বিপুল পরিমান অর্থ ব্যায় করতে হয়। আমরা যদি দেশের চাষীদের মাঝে তুলা চাষ বাড়াতে পারি তাহলে আমদানী কমানো সম্ভব এবং তুলা চাষ করে কৃষকরা লাভবান হবে।

প্রশিক্ষণে বামন্দী ইউনিট অফিসের আওতায় ৩০ জন চাষি অংশ নেয়। এ সময় উপস্থিত ছিলেন, তুলা উন্নয়ন বোর্ডের বামন্দী ইউনিট অফিসার নাসিম উদ্দিন।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকাল ১০ টার সময় জনস্বস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সামনে থেকে একটি র্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।

পরে আলোচনা আলোচনা সভায় বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ মাসুদুল আলম, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম। জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুুজুর রহমান প্রমুখ। এসময় বিভিন্ন এনজিও কর্মী ও স্থানীয় স্কুল কলেজের শিক্ষক ছাত্র-ছাত্রী বৃন্দ অংশ গ্রহণ করেন।

নিজস্ব প্রতিনিধি